

## যশোর শিক্ষা বোর্ডে দেড় হাজার পরীক্ষার্থীর জন্ম তারিখ ভুল

স্টাফ রিপোর্টার, যশোর অফিস।

প্রধান শিক্ষকদের অবহেলায় যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের প্রায় দেড় হাজার জেএসসি পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে জন্ম তারিখ ভুল হয়েছে। বোর্ডের অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমে এ ভুল ধরা পড়ে। শুধু জন্ম তারিখই নয়, পিতা, মাতাসহ নিজের নামের বানানেও ভুল রয়েছে বলে অভিযোগ বোর্ড কর্তৃপক্ষের। ভুল সংশোধনের জন্য প্রতিষ্ঠান প্রধানকে ২৫ অক্টোবরের পর্যন্ত সময় বেঁধে দিয়ে চিঠি দিয়েছে বোর্ড কর্তৃপক্ষ।

সংশোধন না হলে এ সমস্ত শিশুর জীবন থেকে হারিয়ে যাবে একটি বছর। বোর্ডের একটি সূত্র বলছে, একজন শিক্ষার্থী ৬ষ্ঠ শ্রেণী থেকে ৮ম শ্রেণী পর্যন্ত বিদ্যালয়ের সকল অফিসিয়াল আইন-কানুন মেনে পড়ালেখা করে আসছে। কিন্তু স্কুল কর্তৃপক্ষ গত তিনটি (৬ষ্ঠ, ৭ম ও ৮ম) বছরেও, ওইসব শিক্ষার্থীর জন্ম তারিখ, পিতা-মাতার নাম যাচাই করেননি। তাহলে কি ওই শিক্ষার্থী সারাজীবন ভুলের ঘানিই টেনে যাবে? তাছাড়া ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়েই একজন শিক্ষার্থী ভর্তি হয়। তাহলে

কেন এ ধরনের ভুল হলো তা বুঝতে পারছেন না বলে জানিয়েছেন একাধিক অভিভাবক। তারা ডাবছেন, ১ নবেম্বর জেএসসি পরীক্ষা, অন্যদিকে বোর্ড কর্তৃপক্ষের কড়া নির্দেশ ২৫ অক্টোবরের মধ্যে সকলের জন্ম তারিখ নির্ধারিত নিয়ম মেনে ঠিক করতে হবে। কিন্তু প্রতিষ্ঠান প্রধানরা তাড়াহুড়ো করতে গিয়ে নতুন করে কোন ভুল করেন কি না এমন দুঃচিন্তায় রয়েছেন। তবে এ ব্যাপারে বোর্ডের সংশ্লিষ্ট দফতর বলছে,

### জেএসসি পরীক্ষা

পুনরায় ভুল হওয়ার সুযোগ নেই। কারণ বোর্ডের অনলাইন

ম্যানেজমেন্ট সিস্টেমে ভুল জন্ম তারিখ ১১ বছরের কম ও ১৪ বছরের বেশি দিলে এন্ট্রি হবে না। এখন দরকার বোর্ডের নিয়ম অনুযায়ী ভুল সংশোধনের জন্য প্রতিষ্ঠানের আগ্রহ। তারা আগ্রহ নিয়ে সময়ের মধ্যে না আসলে ওই ১৫শ' শিক্ষার্থীর সনদপত্র ভুল জন্ম তারিখ রেখেই তৈরি হবে। এ ব্যাপারে যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক ড. মোঃ আহসান হাবিব জানান, জেএসসির যে রেজিস্ট্রেশনে পরীক্ষার্থীর বয়স ১১ বছরের নীচে ও ১৪ বছরের ওপরে দেয়া আছে তাদের জন্ম তারিখ ভুল ধরা পড়েছে।